সংবাদ

তারিখ 28 JUN 2015
পৃষ্ঠা ৪ কলাম ৪

# বিএসএমএমইউ'র বাজেট ঘোষণা

নিজস্ব বার্তা পরিবেশক

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) ২০১৫-২০১৬ অর্থবছরের জন্য ২৪০ কোটি ৬২ লাখ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। ২০১৪-২০১৫ অর্থবছরে এর পরিমাণ ছিল ১৯২ কোটি টাকা (সংশোধিত)।

গতকাল বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের ৫৮তম সভায় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মো. জুলফিকার রহমান খান এ বাজেট ঘোষণা করেন। বিশ্ববিদ্যালয়ের ডা. মিল্টন হলে অনুষ্ঠিত ওই সভায় প্রথমবারের মতো বিভিন্ন বিভাগের চলমান কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা এবং চলমান প্রকল্পগুলোর কার্যক্রম নিয়ে সংক্ষিপ্ত উন্নয়ন বাজেটও তুলে ধরা হয়।

সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। সভায় বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য ও সংসদ সদস্য ডা. মো. মাহবুব আলী, সংসদ সদস্য ডা. মো. রুস্তম আলী ফরাজী, বিএসএমএমইউ'র উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধাপক ডা. মো. শহীদুল্লাহ সিকদার, বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনের (বিএমএ) সভাপতি অধ্যাপক ডা. মাহমুদ হাসানসহ সিন্ডিকেটের সদস্য ও সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

ঘোষিত বাজেটের মধ্যে বিশ্ববিদ্যালয় হাসপাতালের জন্য ১৭৪ কোটি ৩৭ লাখ টাকা এবং বিশ্ববিদ্যালয়ের জন্য ৬৬ কোটি ২৫ লাখ টাকার বাজেট অনুমোদন দেয়া হয়েছে। বাজেটে বেতন ও ভাতাদি বাবদ ১৪৩ কোটি ২৫ লাখ টাকা, পেনশন বাবদ ৯ কোটি ৭৪ লাখ টাকা, শিক্ষা ও অন্যান্য সাধারণ আনুষঙ্গিক ৬০ কোটি ৩৩ লাখ টাকা, গবেষণায় ২ কোটি ৫০ লাখ টাকা এবং মূলধন মঞ্জুরি বাবদ ২৪ কোটি ৮০ লাখ টাকা ব্যয় ধরা হয়েছে।